External Affairs Minister's meeting with Foreign Minister of Kingdom of Saudi Arabia

September 19, 2021

সৌদি আরব রাজতন্ত্রের বিদেশ মন্ত্রীর সাথে ভারতের বিদেশমন্ত্রীর বৈঠক

সেপ্টেম্বর 19,2021

ভারতে সফররত সৌদি আরব রাজতন্ত্রের বিদেশ মন্ত্রী হিজ হাইনেস প্রিন্স ফ্রাসাল বিন ফারহান আল সুদের সাথে আজ বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শংকর নিউ দিল্লির হায়দ্রাবাদ ভবনে সাক্ষাৎ করেছেন। কোভিড–19 অতিমারির প্রাদুর্ভাবের পরে সৌদি আরব থেকে মন্ত্রী পর্যায়ের এটাই প্রথম সফর। দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের সাথে জড়িত সকল বিষয় এবং পারস্পরিক স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে উভয় মন্ত্রী আলোচনা করেছেন।

- 2. দুই মন্ত্রী, 2019 –এর অক্টোবরে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সৌদি আরব সফর কালে দুই দেশের মধ্যে স্বাক্ষরিত স্ট্র্যাটেজিক পার্টনারশিপ কাউন্সিল চুক্তির বাস্ত্রবায়নের পর্যালোচনা করেছেন। চুক্তির অধীনে আয়োজিত সভা এবং অর্জিত অগ্রগতিতে তারা সন্তোষ প্রকাশ করেছেন। উভয় পক্ষ বাণিজ্য, বিনিয়োগ, শক্তি, প্রতিরক্ষা, নিরাপত্তা, সংস্কৃতি, কনস্যুলার সমস্যা, স্বাস্থ্য সেবা এবং মানব সম্পদে তাদের অংশীদারিত্বকে মজবুত করার জন্য আরও পদক্ষেপ নিয়ে আলোচনা করেছেন।
- 3. উভয় মন্ত্রী, আফগানিস্তানের ঘটনাবলী এবং অন্যান্য আঞ্চলিক বিষয় নিয়ে মত বিনিময় করেন। রাষ্ট্রপুঞ্জ, জি20 এবং জিসিসি –র মত বহুপাক্ষিক ফোরামে দ্বিপাক্ষিক সহযোগিতা নিয়েও আলোচনা করেছেন। কোভিড–19 অতিমারি সত্ত্বেও গত বছর সফলতার সাথে জি20–র সভাপতিত্ব করার জন্য বিদেশ মন্ত্রী সৌদি আরবের প্রশংসা করেছেন।
- 4. কোভিড –19 অতিমারি কালে ভারতীয় সম্প্রদায়কে প্রদত্ত সহায়তার জন্য বিদেশ মন্ত্রী সৌদি আরবের প্রশংসা করেছেন এবং ভারত থেকে সৌদি আরবে ভ্রমণের নিষেধাজ্ঞাকে আরও শিখিল করার জন্য সৌদি আরবকে আহবান জানিয়েছেন।

নিউ দিল্লি সেপ্টেম্বর 19,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.